

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৫৩

১৪/ क्य विक्य (ﷺ) अश क्य विक्य (کتاب البيوع عن رسول الله

পরিচ্ছেদঃ ক্রয়-বিক্রয়ে যে প্রতারিত হয়।

باب مَا جَاءَ فِيمَنْ يُخْدَعُ فِي الْبَيْع

আরবী

حَدَّثَنَا يُوسُفُ بْنُ حَمَّادِ الْبَصْرِيُّ، حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى بْنُ عَبْدِ الأَعْلَى، عَنْ سَعِيد، عَنْ قَتَادَةَ، عَنْ أَنَسٍ، أَنَّ رَجُلاً، كَانَ فِي عُقْدَتِهِ ضَعْفٌ وَكَانَ يُبَايِعُ وَأَنَّ أَهْلَهُ أَتَوُا النَّبِيَّ صلى قَتَادَةَ، عَنْ أَنَسٍ، أَنَّ رَجُلاً، كَانَ فِي عُقْدَتِهِ ضَعْفٌ وَكَانَ يُبَايِعُ وَأَنَّ أَهْلَهُ أَتَوُا النَّبِيَّ صلى الله عليه وسلم الله عليه وسلم قَقَالُوا يَا رَسُولَ اللَّهِ إِنِّي لاَ أَصْبِرُ عَنِ الْبَيْعِ. فَقَالَ " إِذَا بَايَعْتَ فَقُلْ هَاءَ وَهَاءَ وَلاَ فَنَهَاهُ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنِّي لاَ أَصْبِرُ عَنِ الْبَيْعِ. فَقَالَ " إِذَا بَايَعْتَ فَقُلْ هَاءَ وَهَاءَ وَلاَ خِلاَبَةَ ". قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ. وَحَدِيثُ أَنسٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ خِلاَبَةَ ". قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ. وَحَدِيثُ أَنسٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَدِيثِ عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ وَقَالُوا يُحْجَرُ عَلَى الرَّجُلِ الْحُرِّ فِي الْبَيْعِ وَالشِّرَاءِ إِذَا كَانَ ضَعِيفَ الْعَقْلِ . وَهُو قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ . وَلَمْ يَرَ بَعْضَهُمْ فَي الْبَيْعِ وَالشِّرَاءِ إِذَا كَانَ ضَعِيفَ الْعَقْلِ . وَهُو قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ . وَلَمْ يَرَ بَعْضَهُمْ أَنْ يُحْتَكُو الْبَالِغِ .

বাংলা

১২৫৩. ইউসৃফ ইবনু হাম্মাদ বাসরী (রহঃ) আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, এক ব্যক্তি ছিল যার বিবেক ছিল দুর্বল। সে ক্রয়- বিক্রয় করত। তাঁর পরিবারের লোকেরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বললেন, ইয়া রাসূলুল্লাহ্, এর উপর (বিকিকিনি থেকে) বিধি নিষেধ আরোপ করুন। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ডেকে আনলেন এবং তাকে (বিকিকিনি করতে) নিষেধ করলেন, ঐ ব্যক্তি বললেন, ইয়া রাসূলুল্লাহ্ আমি তো বিকিকিনি না করে ধৈর্য ধারণ করতে পরিনা। তিনি বললেন, যখন বিকিকিনি করবে তখন বলে দিবে, ''নগদ দস্তবদস্ত হতে হবে আর প্রতারণা নেই।'' - ইবনু মাজাহ ২৩৫৪, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১২৫০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু উমার থেকেও হাদীস বর্ণিত আছে। আনাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান সাহীহ-গারীব। কতক আলিমের এতদনুসারে আমল রয়েছে। তাঁরা বলল, কোন স্বাধীন ব্যক্তি যদি দুর্বলচিত্ত হয় তবে তার উপর বিকিকিনি থেকে বিধি নিষেধ আরোপ করা যেতে পারে। এ হলো ইমাম আহমাদ ও ইসহাক (রহঃ) এর অভিমত। কতক আলিম স্বাধীন বালেগ ব্যক্তির উপর বিধি নিষেধ আরোপ করা যায় মনে করেন না।



English

Narrated Anas:

That there was a man who was not very sensible and he would make purchases. So his family came to the Prophet (ﷺ) and said: "O Messenger of Allah! Stop him (from making purchases)." So Allah's Prophet (ﷺ) called him to prohibit him, and he said: "O Messenger of Allah! I have no patience for business." So he said: "When you are buying, say: 'Hand to hand, and no cheating.'"

[Abu 'Eisa said:] There is a narration on this topic from Ibn 'Umar.

The Hadith of Anas is a Hasan Sahih Gharib Hadith.

This is acted upon according to the people of knowledge. They say that the free man can be prevented from selling and buying when his intellect is weak. This is the view of Ahmad and Ishaq. Some of the scholars did not think that the free person who had attained the age of responsibility could be prevented from that.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন